গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা

এবং

জেলা প্রশাসক, পাবনা এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

## জুলাই ১, ২০১৭-জুন ৩০,২০১৮খ্রিঃ

# সূচিপত্র


| নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ২ |
| ২ | উপক্রমণিকা | ৪ |
| ৩ | সেকশন ১:<br>রূপকল্প (Vision),<br>অভিলক্ষ্য (Mission),<br>কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং<br>কার্যাবলি | ৫ |
| ৪ | সেকশন ২:<br>কৌশলগত উদ্দেশ্য,<br>অগ্রাধিকার,<br>কর্মসম্পাদন সূচক,<br>কার্যক্রম এবং<br>লক্ষ্যমাত্রাসমূহ | ৭-১৪ |
| ৫ | সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১৫ |
| ৬ | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | ১৬-১৮ |
| ৭ | সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ,বাস্তবায়নকারী ও অন্যান্য | ১৯ |
| ৮ | সংযোজনী ৩: অন্য দপ্তর/ সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ | ২০ |

# উপজেলা প্রশাসন, সাঁথিয়া, পাবনা এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

*(Overview of the Performance of Upazila Administration Santhia,Pabna)*

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে ভিশন ২০২১ বাস্তবায়নে পাবনা জেলার সাঁথিয়া উপজেলা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। প্রেরণে গ্রুপ এসএমএস চালু করার মাধ্যমে সরকারের যেমন ব্যয় কমেছে তেমনি বেড়েছে সভায় উপস্থিতির হার। শিক্ষার্থীদের কাছে তাদের পাঠ্যবইকে আকষণীয় করে উপস্থাপন করতে এবং শ্রেণীকক্ষে পাঠদান পদ্ধতিকে যুগোপযোগী করতে সাঁথিয়া উপজেলা প্রশাসন বিদ্যালয় মাদ্রাসা পর্যায়ে এ যাবত সর্বমোট ৬৮টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম নির্মাণ করেছে। পাইলট প্রকল্প হিসেবে ০১টি বিদ্যালয়ে অনলাইন স্কুল ম্যানেজমেন্ট সিস্টেম (OSMS) চালুকরণ সাঁথিয়া উপজেলা প্রশাসনের আরোও একটি উদ্ভাবন, এতে বিদ্যালয়ের ছাত্রছাত্রীর উপস্থিতির হার বেড়েছে সাঁথিয়া উপজেলা প্রশাসন কর্তৃক বিভিন্ন বিদ্যালয়ে স্কুল ড্রেস বিতরণ করা হয়েছে। এতে বিদ্যালয়গুলোতে উপস্থিতির হার বেড়েছে এবং সুবিধাবঞ্চিত ছাত্রছাত্রীরা পড়ালেখারর সুযোগ পাচ্ছে। উপজেলা পরিষদকে সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে। উপজেলার সকল ভিক্ষুককে পুনর্বাসন করে উপজেলাকে ভিক্ষুকমুক্ত ঘোষনা করা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে উপজেলা প্রশাসন নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অনলাইনের মাধ্যমে জনসাধারণের দোর গোড়ায় সেবা পৌঁছানোর প্রধান মাধ্যম হল ইন্টারনেট। উপজেলা পর্যায়ে বরাদ্দকৃত ইন্টারনেট ব্যান্ডউইথ বর্তমান সময়ের জন্য যথেষ্ট নয়। সময়ের পরিক্রমায় উপজেলা প্রশাসনে কাজের ব্যাপকতা অনুযায়ী কর্মরত কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যার অপ্রতুলতা রয়েছে। তাই অতিরিক্ত কাজ বেশি সময়ে সম্পন্ন করতে হয়। এতে অনেক সময় কাজ সুচারুভাবে করা সম্ভব হয় না। সার্বক্ষনিক বিদ্যুৎ প্রবাহ সচল না থাকায় এবং ইন্টারনেটের স্পীড কম থাকায় জরুরী চিঠিপত্র অনেক সময় ইলেকট্রনিক পদ্ধতিতে আদায় প্রদানে সমস্যার সৃষ্টি হয়। বিভিন্ন খাতে বাজেটের স্বল্পতা। ৩য় শ্রেণির কর্মচারীদের পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব উল্লেখযোগ্য।

### ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

সরকারের ইনোভেশন ইন সিভিল সার্ভিস কার্যক্রমকে মাঠ পর্যায়ে বাস্তবায়নে কৌশল হিসেবে সাঁথিয়া উপজেলায় One Office One Idea কার্যক্রম শুরু হয়েছে। এ কার্যক্রমের মাধ্যমে সাঁথিয়া উপজেলার ৩০ টি সরকারি অফিস তাদের প্রত্যেক অফিস হতে একটি করে ইনোভেশন কার্যক্রম শুরু করেছে। ভবিষ্যতে উপজেলার ইনোভেশন কার্যক্রমকে আরোও গতিশীল করার উদ্যোগ নেয়া হয়েছে। উপজেলার প্রত্যেক প্রাথমিক, মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কলেজে অন্তত একটি মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন করা হবে। অনলাইন স্কুল ম্যানেজমেন্ট সিস্টেমকে (OSMS) সমগ্র উপজেলায় বিস্তৃত করা হবে। সাঁথিয়া উপজেলার সকল ইউনিয়ন পরিষদে পঞ্চবার্ষিক ও বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও উন্মুক্ত বাজেট ঘোষনা নিশ্চিত করা হবে। শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করা হবে। সাঁথিয়া উপজেলাকে মাদকমুক্ত ও বাল্য বিবাহমুক্ত করা হবে।

## ২০১৬-১৭ অর্থবছরের প্রধান অর্জনসমূহঃ

২০১৬ সালে শুরু হওয়া ই-মোবাইল কোর্টের মাধ্যমে মামলা নিষ্পত্তির হার শতভাগ। Online School Management System এর মাধ্যমে কার্যকরভাবে ১টি স্কুলে শিক্ষক ও ছাত্র- ছাত্রীদের উপস্থিতি তদারকি করা হচ্ছে, আগামী বছরে জেলার অধিকাংশ স্কুলে এ সিস্টেম চালু করা হবে। সাঁথিয়া উপজেলাধীন ৬৮ টি বিভিন্ন ধরণের শিক্ষা প্রতিষ্ঠানে ইতোমধ্যে মাল্টিমিডিয়া ক্লাস রুম প্রতিষ্ঠা করা হয়েছে বাকি প্রতিষ্ঠানগুলোতে আগামী বছরের মধ্যে মাল্টিমিডিয়া ক্লাস রুম প্রতিষ্ঠা করা হবে। এছাড়া উপজেলা পরিষদে সিসি ক্যামেরা স্থাপন, উপজেলা পরিষদে ডিজিটাল এ্যাটেনডেন্স সিস্টেম স্থাপন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ, প্রজেক্টর, স্ক্রিন, প্রিন্টার এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মধ্যে স্কুল ড্রেস ও শিক্ষা উপকরণ বিতরণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ফ্রি ওয়াইফাই করণ এবং Voice Call এর মাধ্যমে মহিলাদের গর্ভকালীন ও গর্ভত্তোর সেবা প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে।

# উপক্রমণিকা (Preamble)

উপজেলার নির্বাহী অফিসার, সাঁথিয়া ,পাবনা ।

এবং

জেলা প্রশাসক,পাবনা

এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ................ তারিখে এই বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো ।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহ সম্মত হলেন ।

# সেকশন ১:

## ১.১ রুপকল্প (Vision):

দক্ষ,স্বচ্ছ,কার্যকর, গতিশীল এবং জনবান্ধব প্রশাসন।

## ১.২ অভিলক্ষ্য (Mission):

তথ্যপ্রযুক্তি ব্যবহার,উদ্ভাবনচর্চা ও প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে একটি দক্ষ,সেবামুখী ও মানসম্মত এবং সময়োপযোগী জনমুখী প্রশাসন গড়ে তোলা।

## ১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. সরকারী ও বেসরকারী সকল উন্নয়ন মূলক  কার্যক্রম সমূহের কার্যকর সমন্বয় সাধন
২.আইন-শৃঙ্খলা সংহতকরণ ও সন্ত্রাস, জংগীবাদ নির্মূলকরণ
৩. ভুমিব্যবস্থাপনা ও রাজস্বসংক্রান্ত
৪. সেবা প্রদানে তথ্য প্রযুক্তির ব্যবহার
৫ বাল্য বিবাহ প্রতিরোধ
৬.  মানসম্মত শিক্ষা ব্যবস্থা জোরদারকরণ এবং সামাজিক সচেতনতা সৃষ্ঠি
৭. দুর্যোগ ব্যবস্থাপনা,বনায়ন,জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সংরক্ষণসহ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিতকরণ
৮. সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরন

## ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য( Compulsary Strategic Objective)

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কম সম্পাদন চুক্তিবাস্তবায়ন
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৩. তথ্যঅধিকার ও বাধ্যতামূলক তথ্য প্রকাশ বাস্তবায়ন
৪. কার্যপদ্ধতি ও সেবায় মানোন্নয়ন
৫. কর্ম পরিবেশ উন্নয়ন
৬. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন

## ১.৪ কার্যাবলি (Functions) :

১. উপজেলা উন্নয়ন কর্মকান্ডের সমন্ময় এবং প্রধান মন্ত্রী প্রতিশ্রত প্রকল্পসমূহসহ উপজেলার উন্নয়নকর্মকান্ড বাস্তবায়নের সমন্ময়কারীর দায়িত্বপালন
২.সরকার কতৃক কৃষি, স্বাস্থ্যসেবা ও জনস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, নারী ও শিশু, ক্ষুদ্রনৃ-গোষ্ঠীরকল্যাণ, প্রাথমিক ও গণশিক্ষা এবং শিক্ষা বিষয়ক গৃহিত সকল নীতিমালা ও কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন,তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও সমন্ময়সাধন:
৩.দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ ও পূর্ণবাসন কার্যক্রম গ্রহণ, জিআর, টি আর,কাবিখা ,কাবিটা , ভিজিডি, ভিজিএফ, অতিদরিদ্রের জন্য কর্মসৃজন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন, তত্ত্বাবধান, পরিবীক্ষণ:
৪. ভু- প্রাকৃতিক বৈশিষ্ঠ সমূহসংরক্ষনসহ পরিবেশ দূষনের ফলেসৃষ্ঠ জলবায়ু পরিবর্তন বিরুপে প্রভাব মোকাবেলায় জনসচেতনাসৃষ্ঠি, বনায়ন, বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন,তত্ত্বাবধান, পরিবীক্ষণ :
৫. সামাজিকনিরাপত্ত ও দারিদ্র বিমোচন বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কতৃক গৃহীত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি, একটি বাড়ী একটি খামারসহ বিভিন্ন   প্রকল্প বাস্তবায়নে সহায়তা প্রদানও কার্যকরপরিবীক্ষণ ও সমন্ময় সাধন:
৬. উপজেলার রাজস্ব প্রশাসনের সার্বিক নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং পরিবীক্ষণ:
৭. জাতীয় শুদ্ধাচার কৌশলবাস্তবায়ন এবং অভিযোগ নিষ্পত্তিব্যব স্থাপনার আওতায় অভিযো গনিস্পত্তি:
৮.বিভিন্ন সামাজিক সমস্যা যেমন যৌন হয়রানি, নারী নির্যাতন, মাদকসেবন, যৌতুক, বাল্য বিবাহ ইত্যাদি প্রতিরোধ/ নিরসনে কার্যক্রম গ্রহণ:
৯. স্থানীয় সরকার সংক্রান্ত কার্যক্রম:
১০. এনজিওদের কার্যক্রমের সমন্ময় সাধন:

১১. উপজেলা ক্রীড়া সংস্থার সভাপতি হিসাবে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগীতার আয়োজন করা।

১২. উপজেলার বিভিন্ন কর্মকর্তা কর্মচারী ছাড়াও যেকেন ব্যাক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনিত অভিযোগের তদন্ত কার্য পরিচালনা

১৩. কতিপয় শিক্ষা প্রতিষ্ঠান ও অফিসের কর্মচারী নিয়োগ প্রক্রিয়া পরিচালনা করা।

১৪. উপজেলা নির্বাহী অফিসার হিসেবে অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা তদারকি ডাটাবেজ তৈরি এবং ইজারা সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা।